**ALL INDIA RADIO, SILCHAR**

**************

**<u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>**

**Date: - 13-06-2024**

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) টানা তৃতীয়বারের জন্য অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে বিজেপির প্রবীণ নেতা পেমা খান্ডুর আজ শপথ গ্রহণ/

(২) নীট- ইউ জি'র প্রবেশ পরীক্ষায় গ্রেস নম্বর লাভ করা এক হাজার ৫৬৩ জন পরীক্ষার্থীকে আগামী ২৩শে জুন পুনরায় পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ দেওয়া হবে বলে সুপ্রীম কোর্টে কেন্দ্রীয় সরকারের প্রকাশ/

(৩) তৃতীয়বারের কার্যকালের জন্য জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে ভারতীয় পুলিশ সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক অজিত দোভালের নিযুক্তি/

এবং

(৪) হাইলাকান্দি শহরে আজ দিনদুপুরে এক রহস্যজনক হত্যাকান্ড/

---------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের প্রবীণ বিজেপি নেতা পেমা খান্ডু ইটানগরের দর্জি খান্ডু অভিবর্তন কেন্দ্রে আজ একটানা তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন । শ্রী খান্ডুর সঙ্গে উপ মুখ্যমন্ত্রী সোনা মেইন সহ এগারোজন

ক্যাবিনেট মন্ত্রীও শপথ নিয়েছেন । অরুণাচল প্রদেশের রাজ্যপাল লেফটেনান্ট জেনারেল কে টি পারনায়েক তাদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণের পর সংবাদ মাধ্যমের কাছে মুখ্যমন্ত্রী শ্রী খান্ডু বলেন যে- রাজ্যের জনসাধারণ বিজেপির প্রতি আস্থা রেখে তাদের নির্বাচিত করেছে । এই আস্থা অক্ষুণ্ন রেখে রাজ্যের উন্নয়নের লক্ষ্যে কাজ করে যেতে নবগঠিত সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি মন্তব্য করেন । পি ডি চৌনা, ওয়াঙ্কি লোয়াঙ সহ রাজ্য মন্ত্রীসভার অন্যান্য ক্যাবিনেট মন্ত্রীরাও আজ শপথ গ্রহণ করেছেন । আজকের এই শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, প্রবীণ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ, আসাম ও সিকিমের মুখ্যমন্ত্রীগণ, কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু এবং অরুণাচল পূর্ব লোকসভা আসনের সাংসদ তাপির গাও সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । উল্লেখ্য- ঐ রাজ্যের বিধানসভা নির্বাচনে মোট ষাটটি আসনের মধ্যে ৪৬টি আসনে বিজেপি জয়লাভ করে ।

-----------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার দেশের প্রতিরক্ষা আমদানি আগামী ৫ বছরে ৫০ হাজার কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করার লক্ষ্য নির্ধারণ করেছে বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন ।প্রতিরক্ষা মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পর শ্রী সিং বলেন যে ভারত ইতিমধ্যে ২১ হাজার কোটি টাকারও বেশী মূল্যের প্রতিরক্ষা সামগ্রী আমদানি করেছে যা এক রেকর্ড সৃষ্টি করেছে । একটি শক্তিশালী ও আত্মনির্ভরশীল ভারত গড়ে তোলা সহ দেশের সুরক্ষা ও নিরাপত্তা বাহিনী সমুহের কল্যান সাধন কেন্দ্রীয় সরকারের অগ্রাধিকার বলে তিনি মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------

NEET-UG প্রবেশ পরীক্ষায় গ্রেস নম্বর লাভ করা এক হাজার ৫৬৩ জন পরীক্ষার্থীকে আগামী ২৩শে জুন পুনরায় ঐ পরীক্ষায় অবতীর্ণ হওয়ার বিকল্প ব্যবস্থা দেওয়া হয়েছে বলে কেন্দ্রীয় সরকার সুপ্রীম কোর্টকে জানিয়েছে । সরকার সুপ্রীমকোর্টকে আরো জানিয়েছে যে- এই পরীক্ষার্থীদের ফলাফল পুর্নবিবেচনা করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে । আগামী ৩০শে

জুনের পূর্বে এই ফলাফলসমূহ ঘোষণা করা হবে । জাতীয় পরীক্ষণ সংস্থা- এন টি এ'র বিরুদ্ধে আদালতে পূর্বে দাখিল করা একটি আবেদনে বলা হয়েছিল যে- প্রশ্নপত্র ফাঁস হওয়া সহ অন্যান্য বিভিন্ন অনিয়মের মধ্যে বিগত পাঁচই মে এই প্রবেশ পরীক্ষা অনুষ্ঠিত হয় । প্রশ্নপত্র ফাঁসের এই ঘটনা সংবিধানের ১৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত সাম্যের অধিকারকে লঙ্ঘন করা হয়েছে বলে আবেদনে উল্লেখ করা হয়েছিল । এবং এর পরিপ্রেক্ষিতে স্বচ্ছ এবং সৎভাবে পরীক্ষায় অবতীর্ণ হওয়া পরীক্ষার্থীদের থেকে অসৎ উপায় অবলম্বন করা পরীক্ষার্থীরা বেশি সুবিধা লাভ করে । এদিকে কেন্দ্রীয় সরকার নীট'এর পরীক্ষায় কোনোধরণের দুর্নীতি হয়নি বলে আজ প্রকাশ করেছে । কেন্দ্রে শিক্ষা দপ্তরের দায়িত্ব গ্রহণের পর সংবাদ মাধ্যমের সঙ্গে হওয়া কথাবার্তায় শ্রী প্রধান আজ বলেন যে- বিষয়টি সুপ্রীম কোর্টে দাখিল করা হয়েছে। এবং এই বিষয়ে সরকার আদালতে জবাব দেবে । তিনি আরো বলেন যে- এই ঘটনার পর্যবেক্ষণের জন্য শিক্ষাবিদদের তত্ত্বাবধানে একটি কমিটি ইতিমধ্যে গঠন করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কেবিনেটের নিযুক্তি কমিটি ভারতীয় পুলিশ সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক অজিত দোভালকে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে নিযূক্তি প্রদানের বিষয়ে অনুমোদন জানিয়েছে ।গত ১০ জুন থেকে কার্যকর হওয়া এই নির্দেশ বতর্মান প্রধানমন্ত্রীর কার্যকাল সমাপ্ত হওয়া পর্যন্ত অথবা পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত তাঁর কার্যকাল অব্যাহত থাকবে । নিযুক্তি কমিটি আজ ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক ডঃ পি কে মিশ্রকে ১০ জুন থেকে কার্যকর হওয়া প্রধানমন্ত্রীর প্রধান সচিব হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।শ্রী দোভাল এবং ডঃ মিশ্র এই কার্যকালের সময় কেবিনেট পর্যায়ের মন্ত্রীর মর্যাদা লাভ করবেন ।এদিকে কেন্দ্রীয় কেবিনেট অমিত খারে এবং তরুণ কাপুরকে প্রধানমন্ত্রী কার্যালয়ের উপদেষ্টা হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরের টোল রোডে আজ দুপুরে একজন অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর মৃতদেহ উদ্ধার করা হয়েছে । আমাদের হাইলাকান্দি সংবাদদাতা

জানিয়েছেন যে-স্থানীয় জনসাধারণের মতে, আজ দুপুরে একা বসবাস করা ঐ ব্যক্তিটির বাড়িতে চোরের একটি দল হানা দেয় । এবং এই দুষ্কৃতকারীদের হাতেই ঐ ব্যক্তির মৃত্যু হয়েছে বলে অনুমান করা হচ্ছে । এদিকে হাইলাকান্দি সদর পুলিশ ঘটনাস্থলে গিয়ে অনুসন্ধান আরম্ভ করেছে । পুলিশের মতে, এই হত্যাকান্ডের ঘটনাটি রহস্যজনক বলে জানানো হয়েছে । চোর ঘরে প্রবেশ করলেও কোনো মূল্যবান সামগ্রী নিয়ে যায়নি বলে পুলিশ জানিয়েছে । পুলিশ মৃতদেহ উদ্ধার করে মরণোত্তর পরীক্ষার জন্য হাইলাকান্দির এস কে রায় সিভিল হাসপাতালে পাঠিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আজ সকাল থেকে ভারী বৃষ্টিপাতের ফলে হাইলাকান্দি শহরের বিভিন্ন ওয়ার্ডে জল জমে কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে ।হাইলাকান্দি শহরের রবীন্দ্র সরণি , শিলচর রোড , স্টেশন রোড , বিবেকানন্দ রোড সহ শহরের ৬ নম্বর , ১২ নম্বর ওয়ার্ড ইত্যাদি এলাকায় বিভিন্ন বাসগৃহ , ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদিতে বৃষ্টির জল প্রবেশ করেছে । এছাড়া বিভিন্ন স্থানে জল জমে থাকার জন্য যানবাহন চলাচলও ব্যহত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের শিলচর -উধারবন্দ সড়ক শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ভূমিধসের ফলে শিলচর থেকে কুম্ভিরগ্রাম অভিমুখী এয়ার পোর্ট রোডের বাঁদিকের কিছু অংশ ক্ষতিগ্রস্থ হওয়ার পরিপ্রেক্ষিতে সড়কের ওই অংশে সব ধরণের যানবাহন চলাচল বন্ধ রাখা হয়েছে ।এই আদেশ তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে । পরবর্তি আদেশ না দেওয়া পর্যন্ত তা বহাল থাকবে ।

এদিকে ভূমি ধসের ফলে এস কে রোড - দয়াপুর সড়ক ক্ষতিগ্রস্থ হওয়ায় ওই সড়ক দিয়ে সব ধরণের যানবাহন চলাচল বন্ধ রাখা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

সারা ভারত গণতান্ত্রিক ছাত্র সংগঠন- এ আই ডি এস ও'র কাছাড় জেলা কমিটি শিলচরের একটি বেসরকারী স্কুলে তৃতীয় শ্রেণীর বাংলা পরীক্ষায় ইংরেজী ভাষায় প্রশ্নপত্র প্রস্তুত করার অভিযোগ করে এধরণের অনাকাঙ্খিত

ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে । সংগঠনের পক্ষ থেকে এক প্রেসবার্তায় ভাষা শিক্ষার ক্ষেত্রে এধরণের অপ্রত্যাশিত ঘটনার বিষয়ে সতর্ক থাকতে এবং বিষয়য়টিতে নিজেদের অবস্থান স্পষ্ট করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন , জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ এবং পালংঘাটের শিব-দূর্গা ক্লাব ও নিরাময় যোগ বিদ্যালয়ের সহযোগীতায় আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষ্যে আগামী ১৫ই জুন শিলচর গান্ধী ভবনে যোগ ব্যায়াম প্রতিযোগীতা এবং আগামী ২১শে জুন সকাল সাড়ে ছটা থেকে শিলচর ইন্ডিয়া ক্লাব ইনডোর স্টেডিয়ামে আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । মোট চারটি ক্যাটাগরিতে যোগ ব্যায়াম প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । বিশদ বিবরন জেলা স্বাস্থ্য বিভাগে পাওয়া যাবে।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আগামী ২১শে জুন আর্ন্তজাতিক যোগ দিবস পালন উপলক্ষ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । জেলার স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মির্নাভা দেবী আরামবামের পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর আর্ন্তজাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠান করিমগঞ্জ জেলা ক্রীড়া সংস্থার ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে এবং আগামী ১৬ই জুন জেলা গ্রন্থাগার ভবনে যোগ ব্যায়াম প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে । প্রতিযোগীতায় বয়স ভিত্তিক চারটি ক্যাটাগরি থাকবে বলে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

ঈদ-উদ-জোহা উপলক্ষে ভারত থেকে রেকর্ড সংখ্যক হজযাত্রী এবছর মক্কা এবং মদিনাতে উপস্থিত হয়েছেন । ভারত সরকারের বেশ কিছু নতুন সুযোগ সুবিধা প্রদান করার পরিপ্রেক্ষিতে ১ লক্ষ ৭৫ হাজার হজযাত্রী এবছর হজ পালন করতে মক্কা গেছেন ।এদিকে সৌদি আরব কর্তৃপক্ষও ভারতীয় হজ কমিটির অধীনে যাত্রা করা সব যাত্রীদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করেছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন ঈদ-উদ-জোহা উৎসব শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে আজ একটি সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় বিভিন্ন ঈদগাহ কমিটির কর্মকর্তা , চক্র আধিকারীক এবং পুলিশ আধিকারীকরা অংশগ্রহন করেছেন । সভায় জানানো হয় যে কোরবানির পশু বাজার থেকে কিনে নিয়ে যাবার সময় কোন দুষ্কৃতি বাধা দিলে , সেক্ষেত্রে নিকটবর্তী থানায় অবিলম্বে জানাতে বলা হয়েছে । এছাড়াও সভায় কোরবানির দৃশ্য সামাজিক মাধ্যমে প্রচার না করার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা সৈনিক কল্যান আধিকারিক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে চলতি মাসের শেষ সপ্তাহে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সৈনিক বন্ধু সভা অনুষ্ঠিত হবে । সভায় জেলার প্রাক্তন সেনা কর্মী , সেনা কর্মীদের স্ত্রী এবং নির্ভরশীলদের আগামী ২৪শে জুনের মধ্যে জেলা সৈনিক আধিকারিকের কার্যালয়ে তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে জানাতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------